

ঋতুরাজ



মমতা ব্যানার্জী

উৎসর্গ

ঋতুপর্ণ ঘোষ

ভূমিকা

আরেকটি ছোট্ট কবিতার বই 'ঋতুরাজ' প্রকাশিত হলো। একগুচ্ছ কবিতা, বলতে পারেন এই কবিতাগুলো পথ চলতে চলতে, পথের ধূলিকণার সঙ্গে কথা বলতে বলতে, কখনো বা সমুদ্রের স্পর্শ নিয়ে, কখনো বা বলমলে আকাশ বা মেঘ আঁধারে, মেঘ রৌদ্রে, মেঘ দুপুরে, মেঘ সন্ধ্যায় প্রকৃতি মাকে আপন করে চিনে নিতে, কখনো আবার জঙ্গলে প্রকৃতি ঘেরা সবুজ অরণ্যে মনকে স্পর্শ করে, কখনো বা বনের ফল, ফুল ও জায়গার বিবরণ যা স্বতঃস্ফূর্ত ভাবে বেরিয়ে এসেছে, যা থেকে কথায় কথায় কথাব্যাক্ত এবং কিছু কথামালা তৈরি হয়েছে। খুবই সামান্য ও সহজ কথায়, সাধারণের ভাষায় লেখা এই কবিতাগুলো যদি মানুষকে একটুও আকৃষ্ট করে আমি খুশি হব। জায়গাগুলোর বিবরণ দিয়েছি এই কারণে, আমাদের বাংলার মানুষ ভ্রমণপিপাসু। পাহাড়, অরণ্য, সমুদ্র, নদী চারপাশ ঘিরে ভ্রমণ করাটা তাদের নেশা। বাংলার সৌন্দর্য আমাদের বাংলার গর্ব। প্রকৃতি মায়ের সৌন্দর্যকে, প্রকৃতি মায়ের আঁচলটাকে চেষ্টা করেছি বিবরণসহ এই কয়েকটি কবিতার মধ্যে ফুটিয়ে তোলার। ভুল যদি কোথাও হয়ে থাকে সবটাই আমার। ধন্যবাদ উজ্জয়িনীকে আমাকে অনেকটাই সাহায্য করেছে বইটি সাজাতে এবং দে'জ পাবলিশিং এর সুধাংশু দে-কে বইটি প্রকাশ করার জন্য।

আমার এই বইটি যখন প্রকাশ হতে চলেছে তখন আমি হারিয়েছি আমার খুব আপনজন ঋতুপর্ণকে। আমি এই বইটি ঋতুপর্ণকে উৎসর্গ করলাম।

মমতা ব্যানার্জী

ঋতুরাজ

ঋতু চলে গেছে ঋতুরাজ হয়ে
পড়ে আছে স্মৃতির পাহাড়
ঋতুরাজের ঋতু বসন্তে
ছত্রে ছত্রে বাহার।
ঋতু মানেই সৃষ্টি
ঋতু মানেই চেতনা
গন্ধে বর্ণে ছন্দে স্বপ্নে
নিজেই নিজের প্রেরণা।
চলে গেছে ঋতু, হয়ে গেছে ইতি?
পড়ে আছে শুধু জুইফুল স্মৃতি।
যেখানেই থাকো, সেখানেই গড়ে
নতুন পৃথিবী সৃষ্টি করো।
নতুন পথের তুমি স্বপ্ন মূর্ছনা
রৌদ্র ছাওয়াল তুমি সুর জোছনা
তুমি শিল্পীর প্রেরণা
তুমিই তোমার তুলনা
আবার এসো গো ফিরে
বাংলার মাটির মাঝারে।